# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 02-03-2026** **Time: 1.40 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১) রাজ্যে আসন্ন বিধানসভা ভোটের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধিদল, জেলা নির্বাচনী আধিকারিক এবং রাজ্যের পুলিশ প্রশাসনের সঙ্গে আজ বৈঠকে বসেছেন।

২) পশ্চিমবঙ্গে বিজেপি-র পরিবর্তন যাত্রার দ্বিতীয় দিনে আজ যোগ দিচ্ছেন – বরিষ্ঠ বিজেপি নেতা - স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং সহ দলের একাধিক নেতা-মন্ত্রী।

৩) মধ্যপ্রাচ্যে অশান্তির আবহে কেন্দ্রীয় স্বরাষ্ট মন্ত্রক সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে সতর্ক করে চিঠি দিয়েছে।

৪) পশ্চিম এশিয়ায় সংঘর্ষের প্রেক্ষিতে কলকাতা বিমানবন্দর থেকে ২০-টি উড়ান বাতিল করা হয়েছে।

৫) দোল ও হোলির প্রাক্কালে আজ আয়োজন করা হচ্ছে ন্যাড়াপোড়া বা চাঁচোড়ের । সন্ধ্যায় পালিত হবে, হোলিকা দহনও ।

দোল যাত্রা উপলক্ষ্যে কম সংখ্যক যাত্রী চলাচলের প্রেক্ষিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন শহরতলীর বেশ কিছু ট্রেন বাতিল করার সিদ্ধান্ত নিয়েছে।

আগামীকাল ব্লু লাইনে দুপুর আড়াইটের পর থেকে মেট্রো পরিষেবা পাওয়া যাবে।

oooooooooooooooooooooooooo

রাজ্যে আসন্ন বিধানসভা ভোটের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের এক প্রতিনিধিদল আজ বৈঠকে বসেছে। সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার, ডেপুটি নির্বাচন কমিশনার সহ অন্য আধিকারিকরা ভিডিও কনফারেন্সের মাধ্যমে পর্যায়ক্রমে পুলিশ কমিশনার, রাজ্য পুলিশের আইজি, ডিআইজি, জেলা নির্বাচনী আধিকারিক এবং জেলা পুলিশে সুপারদের সঙ্গে বৈঠক করছেন। সিইও দফতর থেকে ওই বৈঠকে উপস্থিত রয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত , অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস এবং অরিন্দম নিয়োগী প্রমুখ।

এরপর, বিকেল কমিশনের প্রতিনিধি দলটি এরাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্য পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর নোডাল অফিসারদের সঙ্গে বৈঠক করবেন।

এরপর সন্ধ্যায় এনফোর্সমেন্ট এজেন্সির নোডাল অফিসারদের সঙ্গেও বৈঠকের কর্মসূচী রয়েছে কমিশনের।

ooooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনের আগে প্রাথমিকভাবে রাজ্যে মোট ৪৮০ কোম্পানি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী মোতায়েনের পরিকল্পনা রয়েছে। প্রথম দফায় ২৪০ কোম্পানি বাহিনী ইতমধ্যে মোতায়েন করা হয়েছে। আরো ২৪০ কোম্পানি বাহিনী আগামী ১০ মার্চের মধ্যে রাজ্যে পৌঁছবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। বাহিনীকে রাজ্যের বিভিন্ন জেলা ও পুলিশ কমিশনারেটে ভাগ করে দেওয়া হবে।

নির্বাচন কমিশনের পরিকল্পনা অনুযায়ী, কলকাতায় সর্বাধিক ৩০ কোম্পানি মোতায়েনের পরিকল্পনা রয়েছে। এর মধ্যে প্রথম দফায় ১২ এবং দ্বিতীয় দফায় ১৮ কোম্পানি মোতায়েন করা হবে। পূর্ব মেদিনীপুরে ২৮, পূর্ব বর্ধমানে ২৫, বীরভূমে ২১ এবং মুর্শিদাবাদ পুলিশ জেলায় ২০ কোম্পানি বাহিনী মোতায়েনের রূপরেখা তৈরি হয়েছে।

পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া এবং জঙ্গিপুর পুলিশ জেলাতেও বিপুল সংখ্যায় বাহিনী মোতায়েনের প্রস্তাব রয়েছে। পশ্চিম মেদিনীপুরে ২০, পুরুলিয়ায় ২০ এবং জঙ্গিপুরে ১৫ কোম্পানি রাখার পরিকল্পনা হয়েছে।

উত্তরবঙ্গেও উল্লেখযোগ্য সংখ্যক বাহিনী মোতায়েনের প্রস্তাব রয়েছে। কোচবিহারে ১৫, জলপাইগুড়িতে ১০, আলিপুরদুয়ারে ৭ এবং দার্জিলিংয়ে ১১ কোম্পানি রাখা হয়েছে। মালদায় ১৮ কোম্পানি এবং উত্তর দিনাজপুরের ইসলামপুর ও রায়গঞ্জ পুলিশ জেলায় ৯ ও ১০ কোম্পানি বাহিনী রাখার পরিকল্পনা রয়েছে। উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর কমিশনারেটে ১৯, বসিরহাটে ১৭, বারাসতে ১১ এবং বনগাঁয় ৬ কোম্পানি বাহিনী মোতায়েনের কথা বলা হয়েছে। দক্ষিণ ২৪ পরগনায় বারুইপুরে ১৩, ডায়মন্ড হারবারে ১১ এবং সুন্দরবনে ৯ কোম্পানি রাখার পরিকল্পনা হয়েছে। হাওড়া পুলিশ কমিশনারেটে ১০, হাওড়া গ্রামীণে ১১ এবং হুগলি গ্রামীণে ১৬ কোম্পানি বাহিনী মোতায়েনের প্রস্তাব রয়েছে। চন্দননগর কমিশনারেটে রাখা হয়েছে ১১ কোম্পানি।

oooooooooooooooooooooooo

রাজ্যে অসম্পূর্ণ ভোটার তালিকা প্রকাশের পর কোচবিহার জেলার সাবেক ছিট মহল বাসীদের নাম রয়েছে adjudication এর অধীনে। প্রায় নয় হাজার মানুষের নাম এই রয়েছে এর অধীনে। উল্লেখ্য, ২০১৫ সালে, ছিট মহল বিনিময়ের পর এই ভূখণ্ড গুলি ভারতের অন্তর্ভুক্ত হয়। আজ, জেলার দিনহাটা মহকুমার সাবেক ছিটমহলবাসীরা

মহকুমা অফিসে ডেপুটেশন জমা দেয়। প্রশাসনের তরফ থেকে তাদের আশ্বস্ত করা হয়েছে বলে খবর।

oooooooooooooooooooooo

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচন শান্তিপূর্ণ করার আর্জি জানিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন এক আইনজীবী। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ মামলা দায়ের করার অনুমতি দিয়েছেন। বিগত কিছু নির্বাচনে হিংসা, প্রাণহানি, ভাঙচুর সহ একাধিক অপ্রীতিকর ঘটনার উল্লেখ করে মামলাকারী, আগামী নির্বাচনে সেই ঘটনার পুনরাবৃত্তি রুখতে উচ্চপদস্থ প্রশাসনিক আধিকারিকদের নিয়ে এক বিশেষ মনিটরিং কমিটি গঠন করার আবেদন জানিয়েছেন। অবাধ ও সুষ্ঠু নির্বাচনের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের পাশাপাশি সঙ্কটপ্রবন এবং অশান্তিপ্রবন বুথগুলিতে পর্যাপ্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, সব বুথে সিসিটিভি বসানো ও ভিডিওগ্রাফির ব্যবস্থা করার জন্য আদালতের কাছে আর্জি জানানো হয়েছে।

oooooooooooooooooooooooo

আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে আজ দ্বিতীয় দিনে রাজ্যের পাঁচটি জায়গা থেকে বিজেপি-র পরিবর্তন যাত্রা হবে।

দলের এই কর্মসূচীতে যোগ দিতে আজ রাজ্যে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা অন্যতম শীর্ষ বিজেপি নেতা অমিত শাহ। দুপুরে কলকাতা বিমান বন্দরে তাঁকে স্বাগত জানাবেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

দক্ষিণ ২৪ পরগণার রায়দীঘিতে 'পরিবর্তন যাত্রা'র সভায় বক্তব্য রাখবেন শ্রী শাহ্। আজই তাঁর দিল্লি ফিরে যাওয়ার কথা।

একই সঙ্গে হাওড়ায় পরিবর্তন যাত্রায় যোগ দিচ্ছেন, বরিষ্ঠ বিজেপি নেতা , প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। আমতা বিধানসভার জয়পুর আমড়াগড়ি অ্যাথলেটিক ক্লাবের মাঠে এই সভায় উপস্থিত থাকবেন রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য।

উত্তর ২৪ পরগণার সন্দেশখালি বয়ারমারি ক্লাবের মাঠে দলীয় কর্মসূচীতে যোগ দেবেন কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহান। সেখানে উপস্থিত থাকবেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর, লকেট চ্যাটার্জি প্রমুখ।

বীরভূমের হাঁসন বিধানসভার তারাপুরে পরিবর্তন যাত্রায় যোগ দেবেন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফড়নবীশ এবং মিঠুন চক্রবর্তী।

উত্তর দিনাজপুরের ইসলামপুরে এই কর্মসূচীতে অংশ নেবেন বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন এবং প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ।

কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আগামী ১৫'ই মার্চ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সমাবেশের মধ্যে দিয়ে পরিবর্তন যাত্রা সমাপ্তি হবে।

উল্লেখ্য, গতকাল রাজ্যের চারটি স্থান থেকে পরিবর্তন যাত্রার সূচনা হয়।

oooooooooooooooooooooo

ইরানে, মার্কিন যুক্তরাষ্ট্র ও ইজরায়েলে যৌথ হামলার প্রেক্ষিতে ভারত সরকার সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে সতর্ক করে চিঠি দিয়েছে। জানা গেছে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের লেখা ওই চিঠিতে হিংসায় উস্কানিমূলক এবং ইরানের সমর্থনে আগ্রাসী কোন রকম প্রচার চালানো হলে, সেই সমস্ত ব্যক্তিদের চিহ্নিত করতে হবে। আইনশৃঙ্খলা রক্ষার্থে যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooo

পশ্চিম এশিয়ায় সংঘর্ষের প্রেক্ষিতে কলকাতা বিমানবন্দর থেকে ২০টি উড়ান বাতিল করা হয়েছে। সংযুক্ত আরব আমিরশাহীর মোট ৮টি, কাতার এয়ারওয়েজের ৪টি উড়ান, এতিহাদ এয়ারওয়েজের ৪টি উড়ান ও এয়ার অ্যারিবিয়া ও ফ্লাই দুবাইয়ের ২টি করে উড়ান বাতিল করা হয়েছে। কোচিতেও ১৬টি উড়ান বাতিল। দেশজুড়ে একের পর এক পশ্চিম এশিয়ামুখী উড়ান বাতিল হওয়ায় চরম দুর্ভোগের মুখে পড়েছেন যাত্রীরা।

oooooooooooooooooooooo

এদিকে, পশ্চিম এশিয়ায় উত্তেজনার মধ্যেই সৌদি আরবে আটকে পড়েছেন উত্তর দিনাজপুরের রায়গঞ্জের বাসিন্দা শুভজিৎ বন্দ্যোপাধ্যায়। গত ১১ মাস ধরে তিনি জেড্ডায় কর্মরত। গত শনিবার সন্ধ্যায় পরিবারের সঙ্গে টেলিফোনে তাঁর শেষ কথা হয়। তাঁকে ফিরিয়ে আনার জন্য সরকারের কাছে আবেদন জানিয়েছেন উতকণ্ঠায় থাকা পরিবারের সদস্যরা।

oooooooooooooooooooooooo

দোল ও হোলির প্রাক্কালে আজ আয়োজন করা হচ্ছে ন্যাড়াপোড়া বা চাঁচোড়ের । সন্ধ্যায় পালিত হবে, হোলিকা দহনও । এর মধ্য দিয়ে অশুভ শক্তির বিনাস ঘটিয়ে শুভশক্তির আহ্বান করা হয়। আগামীকাল রং-এর উৎসবে মতে উঠবে রাজ্যবাসী।

এদিকে, দোল যাত্রা উপলক্ষ্যে কম সংখ্যক যাত্রী চলাচলের প্রেক্ষিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন শহরতলীর বেশ কিছু ট্রেন বাতিল করার সিদ্ধান্ত নিয়েছে। শিয়ালদা ডিভিশনের বিভিন্ন সেকশনে আপ ও ডাউন মিলিয়ে ২-শোর বেশি EMU লোকাল বাতিল থাকবে।

এছাড়া রানাঘাট - শিয়ালদা, রানাঘাট - শিয়ালদা ভায়া বনগাঁ , শিয়ালদা - কৃষ্ণনগর, এবং শিয়ালদা - কল্যাণীর মধ্যে একজোড়া করে AC লোকালও বাতিল

থাকছে। পরের দিন বুধবার সংশ্লিষ্ট AC লোকাল গুলি বাতিল থাকার পাশাপাশি রবিবারের সময়সূচি অনুযায়ী ট্রেন চলবে।

oooooooooooooooooooooo

দোলযাত্রা উপলক্ষ্যে আগামীকাল দুপুর থেকে মেট্রো পরিষেবা পাওয়া যাবে। কলকাতা মেট্রো রেলের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, ওইদিন ব্লু লাইনে দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদিরাম পর্যন্ত ৩০ টি আপ ও ৩০ টি ডাউন সহ মোট ৬০টি পরিষেবা দেওয়া হবে। নোয়াপাড়া থেকে শহীদ ক্ষুদিরাম, শহীদ ক্ষুদিরাম থেকে দক্ষিণেশ্বর এবং দক্ষিণেশ্বর থেকে শহীদ ক্ষুদিরামের প্রথম পরিষেবা দুপুর দুটো ৩০ মিনিটে শুরু হবে।

হাওড়া ময়দান থেকে সল্টলেক সেক্টর ফাইভ গ্রিন লাইন সেকশনে ওই দিন ২৩ টি আপ ও ২২ টি ডাউন সহ মোট ৪৫ টি পরিষেবা দেওয়া হবে। প্রথম পরিষেবায় হাওড়া ময়দান থেকে সল্টলেক সেক্টর ফাইভে বিকেল ৩ টেয় ও সল্টলেক সেক্টর ফাইভ থেকে হাওড়া ময়দান বিকেল ৩ টে ২ মিনিটে প্রথম পরিষেবা শুরু হবে।

নোয়াপাড়া থেকে জয়হিন্দ বিমান বন্দর ইয়েলো লাইন সেকশনে আগামীকাল ২২ টি আপ ও ২২ টি ডাউন সহ মোট ৪৪ টি পরিষেবা পাওয়া যাবে। ওই দিন নোয়াপাড়া থেকে জয় হিন্দ বিমান বন্দর দুপুর দুটো ৩৮ মিনিট ও জয় হিন্দ বিমান বন্দর থেকে নোয়াপাড়া প্রথম পরিষেবা বিকেল তিনটেয় শুরু হবে।

জোকা থেকে মাজেরহাট পার্পেল লাইনে মোট ৩৮ টি পরিষেবা পাওয়া যাবে। Joka থেকে মাজেরহাটে দুপুর দুটো ৪০ মিনিট ও মাজেরহাট থেকে Joka প্রথম পরিষেবা বিকেল ৩ টে ৪ মিনিটে পাওয়া যাবে।

কবি সুভাষ থেকে বেলেঘাটা অরেঞ্জ লাইনে প্রথম পরিষেবা দুপুর আড়াইটে এবং বেলেঘাটা থেকে কবি সুভাষ বিকেল তিনটেয় শুরু হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গের দার্জিলিং জেলায় বিক্ষিপ্তভাবে আজ এবং আগামীকাল হালকা বৃষ্টির ও তুষারপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল জলপাইগুড়ি আলিপুরদুয়ার কালিম্পং জেলাতেও হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে উত্তরবঙ্গে বৃষ্টির পূর্বাভাস থাকলেও দক্ষিণবঙ্গে আগামী পাঁচ ছয়দিন কোন বৃষ্টির পূর্বাভাস নেই। তবে আগামী সপ্তাহে ঝাড়গ্রাম এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি হতে পারে। এদিকে মার্চ মাসের শুরুতেই রাজ্যজুড়ে তাপমাত্রা ঊর্ধ্বমুখী। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে ৪ ডিগ্রি বেশি। সকালের দিকে দুই এক জায়গায় আকাশ মেঘাচ্ছন্ন থাকলেও বেলা বেড়ার সঙ্গে সঙ্গে বেড়েছে গরম।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০